# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮৪৬

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - যার জন্য কিছু চাওয়া হালাল নয় এবং যার জন্য হালাল

আরবী

عَنْ سَمُرَةَ بْنِ جُنْدُبٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْمَسَائِلُ كُدُوحٌ يَكْدَحُ بِهَا الرَّجُلُ وَجْهَهُ فَمَنْ شَاءَ أَبْقَى عَلَى وَجْهِهِ وَمَنْ شَاءَ تَرَكَهُ إِلَّا أَنْ يَسْأَلَ الرَّجُلُ ذَا سُلْطَانٍ أَوْ فِي أَمْرٍ لَا يَجِدُ مِنْهُ بُدًّا» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيّ وَالنَّسَائِيّ

বাংলা

১৮৪৬-[১০] সামুরাহ্ ইবনু জুনদুব (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ পরের কাছে হাত পাতা একটি রোগ, যার দ্বারা মানুষ নিজের মুখকে রোগাক্রান্ত করে। যে ব্যক্তি (নিজের মান সম্মান) অক্ষুণ্ণ রাখতে চায় সে যেন (হাত পাততে) লজ্জা অনুভব করে, মান ইযযত রক্ষা করে। আর যে ব্যক্তি (মান ইযযত) অক্ষুণ্ণ রাখতে চায় না সে মানুষের কাছে হাত পেতে নিজের মান সম্মানকে ভূলুণ্ঠিত করতে পারে। তবে মানুষ রাষ্ট্রীয় কর্তৃপক্ষের কাছে হাত পাততে পারে। অথবা এমন সময়ে (কারো কাছে) কিছু চাইবে যা চাওয়া খুবই প্রয়োজন। (আবূ দাঊদ, তিরমিযী, নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ১৬৩৯, আত্ তিরমিযী ৬৮১, নাসায়ী ২৫৯৯, ইবনু হিব্বান ৩৩৯৭, সহীহ আত্ তারগীব ৭৯২, সহীহ আল জামি‘ আস্ সগীর ৬৬৯৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে সাওয়ালকারীর (যিনি ভিক্ষাবৃত্তি করে বা চায়) শাস্তির কথা উল্লেখ করা হয়েছে, তবে রাষ্ট্রপ্রধানের নিকট সাওয়ালকারী এবং যে ব্যক্তির সাওয়াল করা ব্যতীত জীবিকা নির্বাহের অন্য কোন উপায় থাকবে না সে ঐ শাস্তির আওতামুক্ত থাকবে। রাষ্ট্রপ্রধানের নিকট বায়তুল মাল তথা রাষ্ট্রীয় সম্পদ থেকে সাধারণ কোন মানুষ সাওয়াল করতে পারে যে মালে সাধারণ মানুষের অধিকার রয়েছে। বিশেষ করে কারোর একান্ত প্রয়োজন হলে তার জন্য রাষ্ট্রপ্রধানের নিকট সাওয়াল করা সম্পূর্ণ বৈধ হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56406

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন